গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায় যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/ ১৭৩

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৪ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

উপবৃত্তি প্রাপ্তির জন্য তথ্য এন্ট্রির বিজ্ঞপ্তি

বিষয়: সারা দেশের স্কুল, কলেজ ও মাদ্রাসায় অধ্যয়নরত ৬ষ্ঠ থেকে দ্বাদশ /আলিম ২য় বর্ষের ছাত্রীদের সর্বজনীন তথা শতভাগ উপবৃত্তি এবং ছাত্রদের দারিদ্র্য ও মেধার ভিত্তিতে উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে HSP-MIS এ তথ্য এন্ট্রি সংক্রান্ত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মাধ্যমে সারা দেশের স্কুল, কলেজ ও মাদ্রাসায় অধ্যয়নরত ৬ষ্ঠ থেকে দ্বাদশ/আলিম ২য় বর্ষের ছাত্রীদের সর্বজনীন তথা শতভাগ উপবৃত্তি এবং ছাত্রদের জন্য দারিদ্র্য ও মেধার ভিত্তিতে উপবৃত্তি ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির আলোকে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুযায়ী নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে HSP-MIS সফটওয়্যারে আবেদনপত্রে প্রাপ্ত তথ্যাদি এন্ট্রির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে:

১। নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে শিক্ষার্থীদের নিকট থেকে যথাযথভাবে তথ্য সংগ্রহ করে প্রতিষ্ঠানের বাছাই কমিটির মাধ্যমে যাচাই করে শিক্ষার্থীদের প্রাপ্ততথ্যসমূহ HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি শুরুর তারিখ ও সময়: ১১ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৬ নভেম্বর ২০২৬ খ্রি. সকাল ০৯.০০ ঘটিকায়।

২। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত তথ্য সংশ্লিষ্ট USEO/TSEO এর নিকট অনলাইনে প্রেরণের সর্বশেষ তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ ডিসেম্বর ২০২৬ খ্রি. রাত ১০.০০ ঘটিকায়।

৩। উপজেলা/মেট্রোপলিটন এলাকার উপদেষ্টা কমিটির সভায় সুপারিশকৃত শিক্ষার্থীদের তালিকা USEO/TSEO কর্তৃক অনলাইনে PMEAT -তে প্রেরণের সর্বশেষ তারিখ: ২৮অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৩ ডিসেম্বর ২০২৬ খ্রি. রাত ১০.০০ ঘটিকায়।

৪। বর্ণিত সময়ের পরে কোন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি বা শিক্ষা প্রতিষ্ঠান হতে USEO/TSEO অথবা PMEAT বরাবর প্রেরণ করা যাবে না।

৫। উপবৃত্তির জন্য সর্বশেষ সংশোধিত আবেদন ফরম এবং তথ্য এন্ট্রি সংক্রান্ত বিস্তারিত বিবরণ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট www.pmeat.gov.bd -তে পাওয়া যাবে। এছাড়াও, সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট এ সংক্রান্ত পত্র এবং আবেদন ফরম প্রেরণ করা হয়েছে।

৬। উপবৃত্তি সংক্রান্ত হেল্পলাইন: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯ (অফিস চলাকালীন সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত)।

২৪/১১/২৬

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক